

- ২। পিতামাতার পুণ্যের বলে, আজ দাদা পেয়েছি সকলে ।
মধুর দাদা ডাক যেন না যাই ভুলে, শ্রীচরণে নিবেদন ॥
- ৩। তোমরা আমার বড়ই আপন, আগে বুঝতে
পাইনি এমন ।
ভুলে যদি যাই শ্রীচরণ, তোমরা ছেড়ে দিও না কখন ॥
- ৪। আশীর্বাদ কর সকলি, শিরে দাও মোর পদধূলি ।
হরি বলে কাঁদি যেন গলি গলি, পদে ভিক্ষা মাগি
হরি প্রেম ধন ॥
- ৫। কৃপা কর এ নগারে, হরি কৃপা লাভ তরে ।
আমি বঞ্চিত যেন না হই প্রেমে, পাই যেন
হরি ভক্তের চরণ ॥
—নগেন্দ্রনাথ কর



৬২ নং

তাল—গড়খেমটা

- তোরা দেখসে এক ভাবের মানুষ এসেছে ।
মানুষ কার কাছে, এ ভাব পেয়েছে;
সে যে অনর্পিত চরিৎ-চিরাৎ শ্লোকের মর্ম দিতেছে ॥
- ১। তাঁর ভাব দেখিয়ে মন বলে, কুলমান সব যাই গো ফেলে,
শরণ লই তাঁর চরণ তলে, এমনি জ্ঞান হোতেছে ।
দেখি গিয়ে তাঁরা দেয় গো ধরা, হয়ে যাবে সব আত্মহারা,
দু'নয়নে বহে ধারা, বাহ্যজ্ঞান সব ভুলেছে ॥